# রানিনগরে অফিস নিয়ে কোন্দল

## বিবাদে জড়াল তৃণমূলেরই দুই গোষ্ঠী

**পূর্ণেন্দু সরকার**

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** আইএনটিটিইউসি এবং তৃণমূল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ওয়ার্কার্স ইউনিয়নের নাম ভাঙিয়ে অফিস চালনা করায় তৃণমূল এসসি এসটি সেলের জেলা সভাপতি কৃষ্ণ দাসের অনুগামীদের নামে থানায় লিখিত অভিযোগ করল শাসক তৃণমূলের আইএনটিটিইউসি নেতৃত্ব।

রানিনগর শিল্পাঞ্চলে বাম জমানায় সিটুর ইউনিয়ন সক্রিয়ভাবে কাজ করত। কিন্তু ২০১০ থেকে বাম ইউনিয়নে ভাঙন শুরু হয়। বহু বাম নেতাই তৃণমূলে যোগ দিয়ে শ্রমিক ইউনিয়নকে চাঙ্গা করে তোলেন। কিন্তু রানিনগর শিল্পাঞ্চলে কৃষ্ণর নেতৃত্বেই তৃণমূল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ওয়ার্কার্স ইউনিয়নের নামে কাজকর্ম চলে আসছিল। শিল্পাঞ্চলে তোলাবাজি, কথায় কথায় ধর্মঘট, বিক্ষোভ করাতে শাসক তৃণমূল চরম অস্বস্তিতে পড়ে। তারপর কৃষ্ণের ইউনিয়ন রেজিস্টার্ড নয় বলে আইএনটিটিইউসির জেলা সভাপতি তপন দে-কে তৃণমূল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ওয়ার্কার্স ইউনিয়নের জেলা সভাপতি করে, নতুন করে রেজিস্ট্রেশন করে ওয়ার্কার্স ইউনিয়নের নতুন অফিস চালু করা হয়। রেজিস্টার্ড এই ইউনিয়নের অফিসের পাশেই কৃষ্ণর অনুগামীদের অফিস। সেই অফিসেও আইএনটিটিইউসি এবং তৃণমূল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ওয়ার্কার্স ইউনিয়ন নাম লেখা রয়েছে।

তৃণমূল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ওয়ার্কার্স ইউনিয়নের রানিনগর শিল্পাঞ্চল ইউনিটের নেতা রাজু সাহানি বলেন, 'একই নামে অন্যরা অফিস চালাতে পারেন না। থানায় অভিযোগ জানানো হয়েছে উত্তম বর্মনের নামে। উত্তমরা তাঁদের অফিস বন্ধ করে দিন। থাকতে হলে দুটি শ্রমিক ইউনিয়নের নাম মুছে ফেলতে হবে। আশা করি, পুলিশ ব্যবস্থা নেবে।' বৃহস্পতিবার রাতেই কোতোয়ালি থানায় উত্তমের নামে লিখিত অভিযোগ করেন রাজু।



রানিনগর শিল্পাঞ্চলে আইএনটিটিইউসি ও তৃণমূল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ওয়ার্কার্স ইউনিয়নের নতুন অফিস।

> একই নামে অন্যরা অফিস চালাতে পারেন না। থানায় অভিযোগ জানানো হয়েছে উত্তম বর্মনের নামে। উত্তমরা অফিস বন্ধ করে দিন। থাকতে হলে দুটি শ্রমিক ইউনিয়নের নাম মুছে ফেলতে হবে।
>
> **রাজু সাহানি**

যদিও উত্তম বললেন, '২০১০ সাল থেকে শিল্পাঞ্চলের শ্রমিক সমস্যা দেখে আসছি। তখনই আমাদের অফিস তৈরি হয়েছিল। কৃষ্ণদার নেতৃত্বে আমরা আগের মতো কাজ করে চলেছি। এখানে কাজ করার জন্য আইএনটিটিইউসির কেন্দ্রীয় নেত্রী দোলা সেন অনুমতি দিয়েছেন। আমরা কেন্দ্রীয় সংস্থা এফসিআই গুদাম, ইন্ডিয়ান অয়েল, কোকা কোলা, মাজার মতো শিল্প প্রতিষ্ঠানে শ্রমিকদের পাশে রয়েছি। অফিস ছেড়ে যাওয়ার প্রশ্নই নেই।'

এ ব্যাপারে বেলাকোবার পঞ্চায়েত প্রধান পূর্ণিমা রায়ের বক্তব্য, 'আমরা কৃষ্ণর সঙ্গে রয়েছি বলেই আমাদের পাশে সব শ্রমিক রয়েছেন। যাঁরা সংগঠনের নামে এখানে ইউনিয়ন করতে এসেছেন আসলে তাঁরা একই দলের দুই শিবিরের মধ্যে কোন্দল করতেই এসেছেন।'

কৃষ্ণ-ঘনিষ্ঠ জলপাইগুড়ি সদর পঞ্চায়েত সমিতির সদস্য বিদ্যুৎ দাসের নির্বাচিত এলাকা রানিনগর শিল্পাঞ্চল। তাঁর কথায়, 'কৃষ্ণর নেতৃত্বে আমাদের আধিপত্য আগে যেমন ছিল, এখনও একই রয়েছে। অন্যরা এখানে এসে কাজ করুক। তাঁরা নিজেরাই বুঝবেন শিল্পাঞ্চলে কার আধিপত্য বেশি রয়েছে।'

এদিকে, আইএনটিটিইউসি ও তৃণমূল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ওয়ার্কার্স ইউনিয়নের জেলা সভাপতি তপন দে'র কথায়, 'আমরা কোনও অবস্থাতে আমাদের স্বীকৃত ইউনিয়নের পাশে নন-রেজিস্টার্ড কোনও ইউনিয়ন থাকুক চাই না। তাই পুলিশে অভিযোগ জানানো হয়েছে। রানিনগর শিল্পাঞ্চলে শিল্প ও শ্রমিক দুইয়ের স্বার্থ সুষ্ঠুভাবে চলুক - এই উদ্দেশ্য নিয়েই আমরা ইউনিয়ন করছি।'



আর্থমুভার দিয়ে মাটি কাটার কাজ চলছে বানিয়াপাড়ায়।

# অবৈধভাবে মাটি কাটা পানিকৌরিতে

**রামপ্রসাদ মোদক**

**রাজগঞ্জ, ১৭ জানুয়ারি :** রাজগঞ্জ ব্লকের বিভিন্ন স্থানে বালি এবং মাটি মাফিয়াদের দৌরাত্ম্য চলছেই। সরকারি নিয়ম মোতাবেক তিন ফুটের বেশি গর্ত করে মাটি কাটার কাজ করতে হলে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তর থেকে নির্দিষ্ট কারণ দেখিয়ে অনুমতি নিতে হয়। কিন্তু এই নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে রাজগঞ্জের তালমা, চাওয়াইডাঙ্গি, চাউলহাটি এলাকায় মাটি কাটার কাজ চলছে অবাধে।

বৃহস্পতিবার দুপুরে পানিকৌরি গ্রাম পঞ্চায়েতের দেবেন্দ্রপুর বানিয়াপাড়ায় গিয়ে দেখা গেল, দিনেরবেলায় আর্থমুভার লাগিয়ে মাটি খননের কাজ চলছে। জানা গিয়েছে, বেলাকোবা এলাকার এক ব্যক্তি নিজের আর্থমুভার জমিতে নামিয়ে ওই কাজ চালাচ্ছেন। ভূমি দপ্তর থেকে কোনও সমস্যা করলে তিনি সামলে নেবেন, এমন আশ্বাসও নাকি তিনি জমির মালিককে দিয়েছেন। সংশ্লিষ্ট জমির মালিক এ ব্যাপারে একটি কথাও বলতে চাননি।

গ্রামবাসীর অভিযোগ, এই অবৈধ কারবারে জড়িয়ে আছেন প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিরা থেকে শুরু করে প্রশাসনের একটি অংশ। তাঁদের সঙ্গে বোঝাপড়ার সুবাদেই ওই আর্থমুভার মালিক এমন অভয় দিতে পেরেছেন।

পানিকৌরি পঞ্চায়েতের দেবেন্দ্রপুর বানিয়াপাড়ার পঞ্চায়েত সদস্য মোহাম্মদ মোকসেদ বলেন, 'মাটি কাটার বিষয়ে আমাকে কিছুই জানানো হয়নি। খোঁজ নিয়ে জানতে পেরেছি আর্থমুভার মালিক নাকি অভয় দিয়েছেন ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের অনুমতি সহ বাকি বিষয়গুলি তিনি নিজে দেখবেন। বিষয়টি পানিকৌরি পঞ্চায়েতের প্রধান এবং রাজগঞ্জের বিএলএলআরও-কে জানাব।' নদী থেকে বালি পাচার ও জমির অবৈধ কারবারে রাজগঞ্জের কুখ্যাতি জেলার সীমানা ছাড়িয়ে কলকাতা পর্যন্ত ছড়িয়েছে। রাজগঞ্জে জমির কারবার নিয়ে একসময় উষ্মা প্রকাশ করেছিলেন খোদ মুখ্যমন্ত্রী। তারপরেও সেই কারবারে ভাটা পড়েনি। বরং সেইসঙ্গে যুক্ত হয়েছে মাটি কাটার কারবার।

রাজগঞ্জ পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা নিতাই মণ্ডল বলেন, 'শাসকদলের নেতাদের মদতে তালমা সহ বিভিন্ন স্থানে অবৈধভাবে বালি এবং মাটি কাটার কাজ চলছে। বিষয়টি রাজগঞ্জের বিএলএলআরও'র নজরে আনব।' রাজগঞ্জের বিএলএলআরও সুখেন রায় বলেন, 'ওই এলাকা থেকে মাটি কাটার কোনও অভিযোগ আমার কাছে আসেনি। মাটি কাটার জন্য কেউ অনুমতি নিয়েছেন বলে জানা নেই। অভিযোগ পেলেই তদন্ত করে প্রয়োজনীয় পদক্ষেপ করব।'

যার জমি কাটা হচ্ছে সেই জমির মালিক আফিজার আলির ছেলে বাপ্পা মোহাম্মদ বলেন, 'জমির মাটি কাটার ব্যাপারে প্রয়োজনীয় নথিপত্র বানিয়ে দেবেন আর্থমুভার মালিক, আমার সঙ্গে সেই কথা হয়েছে। তারপরেই তিনি আমাদের জমিতে মাটি কাটছেন।' যদিও আর্থমুভার মালিক স্মরজিৎ বিশ্বাস বলেন, 'চা বাগানের জন্য মাটি কাটা হচ্ছে। এক্ষেত্রে জমিটি যেহেতু মালিকের নিজের তাই ভূমি দপ্তরের অনুমতি নেওয়া হয়নি।' তবে বড় গর্ত করে মাটি কাটার মতো অবৈধ কাজ কেন করছেন সেই প্রশ্নে তিনি চুপ থাকেন।

## জেলাজুড়ে নথিবিহীন স্কুলবাসের দাপাদাপি

# কড়া বার্তা প্রশাসনের

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** নথিবিহীন স্কুলবাস নিয়ে কড়া বার্তা দিলেন মহকুমা শাসক। শুক্রবার মহকুমা স্তরে পথ নিরাপত্তা নিয়ে বৈঠকে নথিবিহীন স্কুলবাসের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা পরিবহণ দপ্তরকে নির্দেশ দিলেন মহকুমা শাসক তমোজিৎ চক্রবর্তী। সেইসঙ্গে এই বিষয়ে স্কুল কর্তৃপক্ষকেও সচেতন করতে হবে বলে জানিয়েছেন তিনি। অন্যদিকে, দুর্ঘটনাপ্রবণ এলাকা হিসেবে চিহ্নিত সদর ব্লকের দশদরগা এবং ময়নাগুড়ি ব্লকের সিঙ্গিমারি এলাকায় ট্রাফিক সিগন্যাল লাইট লাগানো যায় কি না সেই বিষয়ে বৈঠকে উপস্থিত পুলিশের ট্রাফিককর্তাদের সঙ্গে আলোচনা করেছেন তিনি।

মহকুমা শাসক বলেন, 'এদিন মহকুমা স্তরে পথ নিরাপত্তা বিষয়ক বৈঠকে বেশকিছু বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। যার মধ্যে স্কুলবাসগুলির ফিটনেস, বিমা সংক্রান্ত বিষয়গুলি নিয়মিত নবীকরণ হচ্ছে কি না তা দেখতে বলা হয়েছে। এছাড়াও স্কুলবাসের নথি সংক্রান্ত বিষয়গুলি নিয়ে যাতে স্কুল কর্তৃপক্ষ সজাগ থাকে, সে ব্যাপারে সচেতনতামূলক প্রচার চালানো হবে।'



মহকুমা শাসকের দপ্তরে পথ নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে বৈঠক। শুক্রবার।

জেলাজুড়ে নথিবিহীন স্কুলবাসের দাপাদাপি। সম্প্রতি সেই খবর প্রকাশিত হয়েছে উত্তরবঙ্গ সংবাদ পত্রিকায়। খবর প্রকাশিত হতেই তৎপরতা শুরু হয় প্রশাসনিক মহলে। জেলার শহর থেকে শুরু করে ডুয়ার্সের চা বাগানে প্রচুর স্কুলবাস চলে। বাসের রেজিস্ট্রেশন নম্বর পরিবহণ দপ্তরের অ্যাপে টাইপ করলেই দেখা যায় একাংশ স্কুলবাসের ফিটনেস প্রায় ১০ বছর আগে উত্তীর্ণ হয়েছে। বছরের পর বছর ধরে বিমা ছাড়াই রাস্তা দিয়ে দিব্যি চলে বেড়াচ্ছে ওই স্কুলবাসগুলি। অথচ কোনও নজর নেই প্রশাসনের। বাইক আরোহী বা ব্যক্তিগত গাড়ির চালকের ওপর কড়া নজরদারি থাকে পুলিশের। সেক্ষেত্রে মোটা অঙ্কের জরিমানা করে পুলিশ। কিন্তু নথিবিহীন স্কুলবাসগুলি দাপিয়ে বেড়ালেও কেন সেগুলির দিকে তাকিয়ে দেখা হয় না, এই প্রশ্নই উঠছে।

এখানেই শেষ নয়, নথিবিহীন এই স্কুলবাসগুলি ছুটির দিনে ভাড়া নিয়ে যাচ্ছে পিকনিকে। নিয়ম রয়েছে, এই স্কুলবাসগুলো যদি তার রুটের বাইরে যায় সেক্ষেত্রে স্পেশাল পারমিট নিতে হবে জেলা পরিবহণ দপ্তর থেকে। অভিযোগ, যেহেতু স্পেশাল পারমিটের জন্য সরকারকে মোটা টাকা দিতে হয়, সেকারণে কেউই স্পেশাল পারমিট করায় না। পিকনিকে যাওয়া-আসার পথে যদি দুর্ঘটনার কবলে পড়ে এই বাস সেক্ষেত্রে যাত্রীদের দায়ভার কে নেবে, তা নিয়ে উঠছে প্রশ্ন। এখন দেখার বিষয় এদিনের বৈঠকে স্কুলবাস সংক্রান্ত বিষয়ে মহকুমা শাসকের নির্দেশের পর কতটা তৎপর হয় জেলা পরিবহণ দপ্তর।

> স্কুলবাসের ফিটনেস, বিমা সংক্রান্ত বিষয় নিয়মিত নবীকরণ হচ্ছে কি না তা দেখতে বলা হয়েছে।
>
> **তমোজিৎ চক্রবর্তী**
> মহকুমা শাসক



শিশুদের সঙ্গে সদর মহকুমা শাসক। শুক্রবার আদরপাড়া দক্ষিণেশ্বর কালীবাড়ি সংলগ্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে।

# ভাড়াবাড়িতে চলছে অঙ্গনওয়াড়ি

**অনসূয়া চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** যে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি গর্ভবতী বা প্রসূতি এবং শিশুদের সার্বিক বিকাশের জন্য তৈরি, সেগুলির নিজের ভবিষ্যৎ নিয়েই প্রশ্নচিহ্ন জলপাইগুড়ি সদরে। শহরের অধিকাংশ অঙ্গনওয়াড়ি কেন্দ্র চলছে ঘর ভাড়া করে। কোথাও বাড়ি আবার কোথাও ক্লাব ভাড়া নিয়ে কাজ চালানো হচ্ছে। জলপাইগুড়ি পুরসভার ২৫টি ওয়ার্ডে মোট ৮৯টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে। যার মধ্যে একটি নিষিদ্ধপল্লিতে এবং অপর একটি সংশোধনাগারে। বাকি ৮৭টির মধ্যে বেশিরভাগেরই নিজস্ব কোনও ঘর নেই।

এই পরিবেশে শিশুদের মানসিক ও শারীরিক বিকাশ কতটা হচ্ছে তা নিয়েও প্রশ্ন থেকেই যায়। ভাড়ার ক্লাব কিংবা বাড়ির সামনে উপযুক্ত খোলা জায়গা না থাকায় অল্প জায়গার মধ্যে কোনওরকমে খেলাধুলো করতে দেখা যায় তাদের। এবিষয়ে সদর মহকুমা শাসক তমোজিৎ চক্রবর্তী জানান, বিষয়টি পুরসভাকেও জানানো হয়েছে। সমস্ত দিক থেকে নতুন ভবন তৈরির জন্য বাড়ি কিংবা জায়গা খোঁজার চেষ্টা করা হচ্ছে। শুক্রবার সকালে তিনি নিজে জলপাইগুড়ি পুরসভার পিলখানা কলোনি ও আদরপাড়া দক্ষিণেশ্বর কালীবাড়ি সংলগ্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পৌঁছান। সঙ্গে ছিলেন সিডিপিও সুদীপ তামাং। তাঁরা এদিন বেশ কিছুটা সময় কাটান কেন্দ্রের শিশুদের সঙ্গে।

> **বর্তমান হাল**
> - ২৫টি ওয়ার্ডে মোট ৮৯টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র
> - যার মধ্যে একটি নিষিদ্ধপল্লিতে এবং অপর একটি সংশোধনাগারে
> - বাকি ৮৭টির মধ্যে বেশিরভাগেরই নিজস্ব ঘর নেই

ক্লাসরুম থেকে বেরিয়ে মহকুমা শাসক বলেন, 'যে দুটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র দেখলাম, সেগুলি নিয়ে এমনিতে কোনও সমস্যা নজরে আসেনি। তবে, ভাড়া করা বাড়ি, ক্লাব, প্রাইমারি বা হাইস্কুলের পাশে থাকা স্কুলের কোনও ঘরে অনেক ক্ষেত্রে কাজ চালানো হচ্ছে। আমরা বিষয়টি সমাধানে নেমেছি।' জমি পাওয়া গেলে সরকার নতুন অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরিও করে দেবে বলে এদিন জানান তমোজিৎ। আসলে এলাকায় নির্মাণকাজের জন্য জমি পাওয়া কিংবা অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জন্য কারও জমি দান করা ইত্যাদি নিয়ে বেশ সমস্যায় পড়তে হচ্ছে বলে জানা যাচ্ছে। অন্যদিকে, কোনও বাড়ি কিংবা ক্লাব ভাড়া নিয়ে কাজ চালানো হলেও নানা ধরনের সমস্যা থেকে যায়।

বিভিন্ন কর্মী-সহায়িকাদের দাবি, ভাড়া ঘর ছাড়াও রান্না বা শৌচালয়ের জন্য পাশের অন্য কোনও বাড়ি ব্যবহার করতে হয়। এছাড়া আরেক অঙ্গনওয়াড়ি কেন্দ্র ২ নম্বর ওয়ার্ডের ভাটাখানা এলাকায় থাকা মৃদুলেন্দু রায়কতের স্মরণে থাকা কমিউনিটি হলের চাঙড় খসে পড়ার কথা শহরের কারও অজানা নয়। এইভাবে যাবতীয় সমস্যা দিনের পর দিন সহ্য করেই শিশুদের পড়াশোনা থেকে প্রসূতিদের খাবার দেওয়ার কাজ চালানো হচ্ছে। তবে সমস্ত বিষয়ের উপর নজর দিতে ময়দানে নামুক জেলা প্রশাসন, এমনই আশা সকলের।

# হাতেনাতে ধরা পড়ল দুষ্কৃতী

**ওদলাবাড়ি, ১৭ জানুয়ারি :** শুক্রবার ভোরের নির্জনতার সুযোগে এক মোটর পার্টসের দোকানের তালা ভেঙে চুরি করতে গিয়ে হাতেনাতে ধরা পড়ল এক দুষ্কৃতী। ঘটনাটি দক্ষিণ ওদলাবাড়ি এলাকার।

দোকান মালিক পঙ্কজ ভগত জানালেন, এদিন ভোরে শিলিগুড়ি থেকে ট্রান্সপোর্টের গাড়িতে তাঁর দোকানের জন্য সাত প্যাকেট মোটর পার্টস এসেছিল। ট্রান্সপোর্ট কর্মীরা দোকানের সামনে প্যাকেটগুলো রেখে তাঁকে ফোন করে চলে যান। তাঁর আরও সংযোজন, 'আমি দোকানে আসার আগে ওই দুষ্কৃতী সেখান থেকে পার্টসের দুটি প্যাকেট আগে সরিয়ে রেখেছিল। এরপর বাকিগুলো দোকানের তালা ভেঙে নেওয়ার চেষ্টা করছিল। সেই সময় স্থানীয়দের নজরে পড়ে যায় বিষয়টি। তাকে আটকে রেখে পুলিশে খবর দেওয়া হয়।'

ধৃত ব্যক্তি নেশাগ্রস্ত ছিল। সে জয়গাঁ এলাকার বাসিন্দা বলে জানা গিয়েছে। মাল থানার পুলিশ ধৃতকে জেরা করে বিস্তারিত তথ্য জানার চেষ্টা করছে।



**ছোট্ট তারা**

পঞ্চম শ্রেণির ছাত্রী অস্মিতা। সম্প্রতি রাজগঞ্জ সার্কেল লেভেল প্রতিযোগিতায় যোগাসন বিভাগে প্রথম স্থান পেয়েছে। অস্মিতার পরিবার দারুণ খুশি। কারণ, সে তার বাবা সিরাজ আলির স্কুল থেকেই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল। অস্মিতার লক্ষ্য জাতীয় স্তরের প্রতিযোগিতায় পদক পাওয়া।

**টুকরো খবর**

## তিস্তাস্পারে পিকনিক

**ক্রান্তি, ১৭ জানুয়ারি :** ক্রান্তি ব্লকের গোলাবাড়ি স্পেশাল ক্যাডার প্রাথমিক বিদ্যালয়ের পড়ুয়াদের শুক্রবার পিকনিকে নিয়ে যাওয়া হয়। তিস্তাস্পারে প্রকৃতির মাঝে আনন্দে মেতে ওঠে কচিকাঁচার দল। দিনভর খেলাধুলা, সাংস্কৃতিক চর্চার মধ্যে দিয়ে দারুণ সময় কাটে সবার। দুপুরে পাতে পড়েছিল ভাত, ডাল, তরকারি, মাংস এবং মিষ্টি। পড়ুয়াদের সঙ্গে ছিলেন তাদের অভিভাবকরাও। প্রধান শিক্ষক দীপক ওরাওঁ বলেন, 'প্রকৃতির থেকে বড় শিক্ষক কেউ হয় না। বিদ্যালয়ের চার দেওয়ালের গণ্ডির বাইরে পড়ুয়াদের একটু মুক্তির স্বাদ দিতে এদিনের আয়োজন।'

## চুরি

**ময়নাগুড়ি, ১৭ জানুয়ারি :** দরজা ভেঙে রান্নাঘর থেকে গ্যাস সিলিন্ডার চুরির ঘটনা ঘটে। বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটেছে ময়নাগুড়ি শহরের ২ নম্বর ওয়ার্ড সাহাপাড়ায়। স্থানীয় সুকৃতি দে সরকার বলেন, 'বৃহস্পতিবার রাত সাড়ে বারোটা নাগাদ আমরা ঘুমিয়ে পড়ি। শুক্রবার সকালে ঘুম থেকে ওঠার পর রান্নাঘরের দরজা খোলা দেখে সন্দেহ হয়। ঘরে গিয়ে দেখি, ভরা গ্যাস সিলিন্ডারটি নেই। সেটা লোহার শেকল দিয়ে তালা দিয়ে ওখানে রাখতাম।' শুক্রবার দুপুরে ওই মহিলা ময়নাগুড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে তদন্তে নেমেছে পুলিশ।

## পাচার

**মানিকগঞ্জ, ১৭ জানুয়ারি :** ফের পাচারের আগে ধরা পড়ল গোরু। বৃহস্পতিবার রাতে চারটি গোরু উদ্ধার করল মানিকগঞ্জ আউটপোস্টের পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, রাতে পাচারের উদ্দেশ্যে দক্ষিণ বেরুবাড়ি গ্রাম পঞ্চায়েতের যমপাড়া দিয়ে গোরুগুলোকে উন্মুক্ত সীমান্তের দিকে নিয়ে যাওয়া হচ্ছিল। বিষয়টি নজরে আসতে অভিযান চালায় পুলিশ। তবে ঘটনার সঙ্গে যুক্ত কাউকে গ্রেপ্তার করা যায়নি। মানিকগঞ্জ আউটপোস্টের ওসি জিবা প্রধান বলেন, 'তদন্ত শুরু হয়েছে।'



ভেরভেরি নদীর ওপর স্থায়ী সেতুর দাবি।

# ভাঙা সাঁকো পাকা হল না আজও

**কৌশিক দাস**

**ক্রান্তি, ১৭ জানুয়ারি :** খরস্রোতা ভেরভেরি নদী পারাপারে প্রায় ২০ বছর ধরে ভরসা ছিল একটি বাঁশের সাঁকো। ক্রান্তি ব্লকের মাঝগ্রামের বাসিন্দারা ওই বাঁশের সাঁকো দিয়ে পারাপার করতেন। তিস্ত তিন বছর আগে বর্ষায় সেই বাঁশের সাঁকো ভেঙে যায়। পাকা সেতু তৈরি দূর অস্ত সেই ভাঙা সাঁকো আজও নতুন করে তৈরি করতে ব্যর্থ প্রশাসন। বর্ষায় নদীতে জল থাকলেও জরুরি প্রয়োজনে গ্রামবাসীদের সেই জল ভেঙেই নদী পারাপার করতে হয়। এনিয়ে তাঁদের মধ্যে তীব্র ক্ষোভ দানা বেঁধেছে।

স্থানীয় পঞ্চায়েত সদস্যা ময়না রায়ের কথায়, 'ওই এলাকায় গ্রামবাসীদের পাকা সেতুর দাবি রয়েছে। দাবিটি আদৌ অমূলক নয়। তাঁদের দাবির কথা ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।'

স্থানীয় সূত্রে খবর, ক্রান্তি ব্লকের মাঝগ্রাম, গোমস্তাপাড়া, কুমলাই গ্রাম পঞ্চায়েতের নেওড়া বাগান, রাজাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের কোদালকাটি, ধরমপুর সহ আট-ন'টি গ্রামের হাজার ছয়েকেরও বেশি মানুষ আগে বাঁশের সাঁকো দিয়ে নদী পারাপার করতেন। এখন শুখা মরশুমে নদীতে জল কম থাকায় গ্রামবাসীরা হেঁটে নদী পারাপার করলেও বর্ষায় নদীতে জল বাড়লে এই সমস্যা চরমে ওঠে। ক্ষুব্ধ বাসিন্দাদের বক্তব্য, প্রশাসন ও জনপ্রতিনিধিদের কাছে লিখিত ও মৌখিকভাবে বহুবার পাকা সেতু তৈরির দাবি জানিয়েও কোনও লাভ হয়নি। বর্ষায় নদীতে জলের স্রোত এত বেশি থাকে যে সাঁকো ভাসিয়ে নিয়ে যায়। তখন বাধ্য হয়ে দৈনিক প্রায় তিন-চার কিলোমিটার ঘুরপথে সবাইকে যাতায়াত করতে হয়।

গ্রামবাসী ভেদেক রায়ের কথায়, 'এলাকার প্রধান সমস্যা সেতুহীন নদী। ২০ বছরেরও বেশি সময় ধরে পাকা সেতুর দাবি জানানো হচ্ছে। কিন্তু শুধুমাত্র প্রতিশ্রুতি ছাড়া আর কিছু মেলেনি।' এলাকার একটি বড় অংশের মানুষ ওই নদী পেরিয়ে কুমলাই গ্রাম পঞ্চায়েতের নেওড়া বাগানে শ্রমিকের কাজ করতে যান। নদীতে সেতু বা সাঁকো না থাকায় তাঁদের জল ভেঙে যাতায়াতে সমস্যায় পড়তে হয়।

স্থানীয় বিনোদ ওরাওঁ, নির্মল ওরাওঁ, জিতেন ওরাওঁরা জানান, জীবনের ঝুঁকি নিয়ে দুর্বল বাঁশের সাঁকো দিয়ে এতদিন ধরে তাঁরা পারাপার করেছেন। দৈনন্দিন কাজকর্ম থেকে সবকিছুই নদী পেরিয়ে গিয়ে করতে হয়। তাই তাঁরা নদীর ওপর স্থায়ী পাকা সেতুর দাবি জানান।

এ ব্যাপারে ক্রান্তি পঞ্চায়েত সমিতির সভাপতি পঞ্চানন রায় বলেন, 'গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতির পাকা সেতু তৈরির করার মতো আর্থিক সামর্থ্য নেই। তাই বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো আছে।'



দুলালদিঘিতে পরিযায়ী পাখির ভিড়। শুক্রবার জলপাইগুড়িতে।

# সচেতন না হলে বাঁচবে না নেওড়া

**আমাদের ছোট নদী**

**শুভদীপ শর্মা**

**ময়নাগুড়ি, ১৭ জানুয়ারি :** ময়নাগুড়ি শহরে লালবাবা আশ্রম সংলগ্ন এলাকায় জরদা নদীতে মিলেছে নদীটি। পথে কোথাও সে পরিচিত নেওড়া নামে, কোথাও সেই নদীর নাম বাগজান। কিন্তু সব জায়গায় তার দুর্ভাগ্য একই! ময়নাগুড়ি এবং ক্রান্তি ব্লকের বিস্তীর্ণ এলাকাজুড়ে প্রায় ১৮ কিমি ধরে এই নদীর প্রবাহপথ। নদীর বেশিরভাগ অংশে কোথাও বালি উত্তোলন চলছে। কোথাও আবার চাষাবাদ। নদীর অস্তিত্ব আজ সংকটে।

ভারতবিখ্যাত গরুমারা জঙ্গল। এই জঙ্গল থেকে একটি জলধারা বেরিয়ে লাটাগুড়ি গ্রাম পঞ্চায়েতে খাপুয়াডাঙ্গায় প্রবেশ করেছে। সেখানে এই জলধারাটির নাম নেওড়া। স্থানীয় প্রাক্তন পঞ্চায়েত সদস্য মানবেন্দ্রনাথ রায় জানালেন, শীতকালে এই নদীতে তেমন জল থাকে না। বর্ষায় কিন্তু তার রূপ বদলে যায়, বৃষ্টির জল পড়তেই ফুলেফেঁপে ওঠে নদী। জঙ্গল, গ্রাম পেরিয়ে এই নদী যত ময়নাগুড়ি শহরমুখো হয়েছে, ততই নদীর ওপর অত্যাচার যেন বেড়েছে। এই এলাকায় নদীটি বাগজান নামে পরিচিত।





বৌলবাড়িতে নেওড়া নদীতে ধান চাষ।

লাটাগুড়ি গ্রাম পঞ্চায়েত পেরিয়ে ক্রান্তি ব্লকের মৌলানি গ্রাম পঞ্চায়েতে প্রবেশ করেছে নেওড়া। সেখানকার বিস্তীর্ণ এলাকায় নেওড়া নদী যেন একেবারে চাষের জমি। শীতকালে নদীর বুক সবুজে সবুজ! মৌলানি থেকে শুরু করে ময়নাগুড়ি কলেজের উলটোপাশ পর্যন্ত কয়েক কিলোমিটারজুড়ে শীতকালে এই নদীতে অবাধে চাষ হচ্ছে বোরো ধান। সেখানে যথেচ্ছ পরিমাণে ব্যবহৃত হচ্ছে কীটনাশকও।

> **বিপদের কারণ**
> - নদীর বুকে অবাধে ধান চাষ
> - ধান চাষে যথেচ্ছ রাসায়নিক ব্যবহার
> - প্রশাসনের নজর এড়িয়ে বালি উত্তোলন

মৌলানিতে দক্ষিণ মাটিয়ালির সত্তরোর্ধ্ব ধনেশ রায় নদীর অবস্থা দেখে আক্ষেপ করলেন। বললেন, 'ছাত্রজীবনে এই নদীতে আধ ঘণ্টায় গামছা দিয়ে প্রায় এক কিলো মাছ ধরতেন। আর এখন সারারাত জাল ফেলেও ১০০-২০০ গ্রামের বেশি মাছ মেলে না।'

নদীর বুকে ধান চাষ এবং সেখানে কীটনাশক প্রয়োগের জন্য আজ নদীতে মাছের আকাল। তবে নদীর এই দুর্দশার জন্য শুধু ধান চাষ দায়ী নয়। ময়নাগুড়ির বৌলবাড়ি এবং সিঙ্গিমারিতে বেআইনিভাবে বালি উত্তোলন হয় বেশ কয়েকবছর ধরে। প্রশাসনের তরফে মাঝেমধ্যে এসব রুখতে অভিযান চললেও কয়েকদিন পর যে-কে-সেই!

নদী থেকে অবাধে বালি উত্তোলনের জন্য এই নদীর বিস্তীর্ণ এলাকায় ভাঙন দেখা দিয়েছে। কয়েক জায়গায় বছর বছর নদীভাঙনে জমি-বাড়ি হারিয়ে দিশেহারা হয়ে পড়েছেন গ্রামবাসী। ময়নাগুড়ি কলেজের ভূগোল বিভাগের প্রধান মধুসূদন কর্মকার জানান, ধান চাষ এবং বালি উত্তোলন থেকে নদীকে রক্ষা করতে হলে এসব বন্ধ করতেই হবে। কলেজের তরফে এই নদীর বিষয়ে একটি সমীক্ষা করা হবে বলে জানান তিনি। মৌলানির বাসিন্দা কল্যাণী চন্দ্র ময়নাগুড়ি কলেজে দ্বিতীয় সিমেস্টারের পড়ুয়া। তাঁর মতে, সাধারণ মানুষকে সচেতন হতে হবে। তাঁর কথায়, 'প্রশাসনিক উদ্যোগ কিংবা সমীক্ষা যাই হোক না কেন, যতদিন না মানুষ সচেতন হচ্ছেন, ততদিন নদীকে আপন গতিতে বইতে দেওয়া কখনোই সম্ভব হবে না।'

## জ্বালানি কাঠ সংগ্রহে জঙ্গলে যাচ্ছেন মহিলারা

# পেটের তাগিদে ঝুঁকির যাত্রা

**কৌশিক দাস**

**ক্রান্তি, ১৭ জানুয়ারি :** সূর্য অস্ত যাওয়ার পথে। কৈলাসপুরের কাছে মাথায় জ্বালানির বোঝা নিয়ে হুড়মুড় করে জঙ্গল থেকে বেরিয়ে এলেন প্রায় আটজন মহিলা। এত তাড়াহুড়ো কেন? জিজ্ঞাসা করতেই একটু থেমে উত্তর, 'বাবা তাড়া করেছিল।' এখানে 'বাবা' মানে 'মহাকাল'। অর্থাৎ হাতি। প্রতি মুহূর্তে মৃত্যুর ভয়, তবুও জঙ্গলে কেন? মধ্যবয়স্ক এক মহিলার জবাব, 'পেটের দায়ে বাবু।' লক্ষ্মীর ভাণ্ডার, উজ্জ্বলা গ্যাস পান না? মাথার বোঝা নামিয়ে দলের এক প্রবীণার উত্তর, 'ভরতুকি দিয়ে গ্যাস ভরতেও তো টাকা লাগে। সেটা পাব কোথায়? বাড়িতে বে-রোজগেরে স্বামী, সন্তানদের লেখাপড়া।' পাশ থেকে আরেক মহিলা বলে উঠলেন, 'এগুলো বিক্রি করে যে অর্থ হাতে আসবে সেটা দিয়ে স্বামীকেও হাতখরচ দিতে হয়।' দলের বাকি সদস্যরা জানান, শুকনো জ্বালানি আনতে গিয়ে বনকর্মীদের বকুনি তো আছেই। সঙ্গে কত কীটপতঙ্গের কামড়, ঝোপঝাড়ে শরীর কেটে যাওয়া সহ কত সমস্যা। সূর্য ডোবার মুখে বেরিয়ে যাওয়ার সময় শীর্ণ চেহারার সবথেকে বয়স্ক মহিলাটি বলে গেলেন, 'সবটাই পেটের দায়ে করতে হয়।' এতকিছুর পরেও রাত হলে স্বামীর সোহাগ হিসেবে মার খেতে হয়, একযোগে বলে এগিয়ে গেলেন তাঁরা।

দুপুর ১২টা বাজলেই কৈলাসপুর, বারোঘরিয়া সংলগ্ন এলাকা থেকে দলে দলে মহিলারা জঙ্গলে ঢোকেন। বিকেল ৫টার মধ্যে তাঁরা বেরিয়ে আসেন। মহিলাদের থেকে সেই শুকনো জ্বালানি কেনার জন্য বেশ কিছু লোক রয়েছেন। তবে বিষয়টিতে বিপদ দেখছেন কাঠামবাড়ির বাসিন্দা বাদশা মহম্মদ। তাঁর কথায়, 'এই প্রবণতা পরিবেশের জন্য যথেষ্ট উদ্বেগের। বন্যপ্রাণীর আক্রমণের এত ঘটনা ঘটলেও জঙ্গলে প্রবেশ কিছুতেই কমছে না।'

কিন্তু এই কাঠ যাচ্ছে কোথায়? বারোঘরিয়া সংলগ্ন এলাকায় কাঠ সংগ্রহ করে ঘর ফেরত একদল মহিলার সঙ্গে কথা হচ্ছিল। জঙ্গলের শুকনো জ্বালানি নিজেদের প্রয়োজনের পাশাপাশি অন্যদের বিক্রি করে জীবিকা নির্বাহ করেন তাঁরা। হোটেল, মিষ্টির



*আপালচাঁদ জঙ্গল থেকে জ্বালানি নিয়ে বেরিয়ে আসছেন মহিলারা।*

দোকান ছাড়াও বিভিন্ন গৃহস্থ বাড়িতেও প্রায় ৩৫০-৪০০ টাকা কুইন্টাল হিসেবে বিক্রি হয়। শীতের মরশুমে এলাকায় নানা অনুষ্ঠানের ধুম লেগেই রয়েছে। এই সমস্ত উৎসব পার্বণে শুকনো জ্বালানির বিপুল চাহিদা। এতে গ্যাসের তুলনায় সাশ্রয় হচ্ছে।

কিন্তু এটায় তো পদে পদে বিপদ। অন্য কাজও তো করা যায়? মাঝবয়সি এক মহিলার উত্তর, '১০০ দিনের কাজ বন্ধ না থাকলে সেটাই করতাম।'

তবে বন দপ্তরের তরফে অভিযানের পাশাপাশি নিয়মিতভাবে সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। কড়াকড়িও করা হচ্ছে কিন্তু তাতেও এই প্রবণতা কমছে না। উলটে বনরক্ষায় কড়াকড়ি হলেই কর্মীদের সঙ্গে সংঘাতে জড়িয়ে পড়ছেন বাসিন্দারা।

আপালচাঁদ রেঞ্জে প্রয়োজনের তুলনায় কর্মীসংখ্যা অনেকটাই কম। ফলে এই সুযোগটা ভালোভাবেই কাজে লাগাচ্ছেন তাঁরা। বন দপ্তর কড়াকড়ি করলেই শুরু হচ্ছে অশান্তি। রাজাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান মিন্টু রায়ের বক্তব্য, 'এতে পরিবেশের ভারসাম্য নষ্ট হতে পারে। জঙ্গল বাঁচাতে সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হবে। পাশাপাশি আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।'

আপালচাঁদ ফরেস্ট রেঞ্জের রেঞ্জার নবাঙ্কুর ঘোষ জানান, সংরক্ষিত বনাঞ্চলে অবৈধ প্রবেশ রুখতে নিয়মিত নজরদারি এবং টহল চলছে। পাশাপাশি সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বিভিন্ন কর্মসূচিও করা হয়। এখন চা বাগান বন্ধ থাকায় মহিলারা জঙ্গলে জ্বালানি কাঠ সংগ্রহের উদ্দেশ্যে প্রবেশ করার চেষ্টা করে, বনকর্মীরা সীমিত লোকবল থাকা সত্ত্বেও নিজেদের যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। এলাকায় মাইকিং করা হয়েছে। শীতের শেষে রুক্ষ মরশুমে জঙ্গলে আগুন লাগার সম্ভাবনা বেড়ে যায়। তাই আমরা আরও বেশি নজর দিচ্ছি।



*সুলকাপাড়া গ্রামীণ হাসপাতালে হাসপাতালে আমরুশ টোপ্পো।*

# চিতাবাঘের হামলায় জখম শ্রমিক

**নাগরাকাটা, ১৭ জানুয়ারি :** কাজে যাওয়ার পথে চিতাবাঘের হামলায় জখম হলেন এক চা শ্রমিক। ঘটনাটি ঘটে শুক্রবার বিকেলে বানারহাটের লক্ষ্মীপাড়া চা বাগানে। আহতের নাম আমরুশ টোপ্পো। উপস্থিতবুদ্ধিকে কাজে লাগিয়ে অতর্কিতে ঝাঁপিয়ে পড়া বুনোটিকে নিজের হাত দিয়ে ঝটকা মেরে সরিয়ে দেন তিনি। ফলে বড়সড়ো বিপর্যয় এড়ানো সম্ভব হয়েছে বলে জানা গিয়েছে। বন দপ্তরের ডায়না রেঞ্জের রেঞ্জ অফিসার অশেষ পাল বলেন, 'আহতর চিকিৎসার যাবতীয় দায়িত্ব বন দপ্তরই বহন করছে।' লক্ষ্মীপাড়ার শ্রমিক কল্যাণ আধিকারিক সুদীপ্ত দাসের কথায়, 'এককথায় বলতে পারি আমরুশ বেঁচে গিয়েছে। বাগানে যাতে খাঁচা পাতা হয় বন দপ্তরকে এমন আর্জি জানানো হয়েছে।'

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, লক্ষ্মীপাড়া চা বাগানে আমরুশ পাহারাদারের (চৌকিদার) কাজ করেন। পরিচালকদের নির্ঘণ্ট অনুযায়ী এদিন ওই ব্যক্তি সহ আরও কয়েকজন একসঙ্গে ডিউটিতে ছিলেন। হঠাৎ বাগানের বিবি ৩ সি নম্বর সেকশনে ঘটনাটি ঘটে। সুলকাপাড়া গ্রামীণ হাসপাতালের বিছানায় শুয়ে বছর পঞ্চাশের আমরুশের কথায়, 'চিতাবাঘটি বাগানের নালার মধ্যে ছিল। কিছু বুঝে ওঠার আগেই সেখান থেকে উঠে আমার ওপর ঝাঁপিয়ে পড়ে। বিপদ বুঝে শরীরের সমস্ত শক্তি এক করে নিজের বা হাত দিয়ে জন্তুটিকে ধাক্কা দিয়ে সরিয়ে দিই।'

আমরুশের ওই বাঁ হাতেই চিতাবাঘটি থাবা বসিয়ে চলে যায়। তবে আঘাত গুরুতর নয়। ঘটনার পরপরই আমরুশ সহ অন্য শ্রমিকরা চিৎকার-চ্যাঁচামেচি শুরু করেন। চিতাবাঘটিও বেপাত্তা হয়ে যায়। স্থানীয়রা উদ্ধার করে তাঁকে প্রথমে বাগানের হাসপাতালে নিয়ে যান। এরপর খবর পেয়ে বন দপ্তরের ডায়না রেঞ্জের কর্মীরা তাঁকে সুলকাপাড়া গ্রামীণ হাসপাতালে নিয়ে আসেন। সেখানে প্রয়োজনীয় চিকিৎসার পর বনকর্মীরা আমরুশকে তাঁর লক্ষ্মীপাড়া চা বাগানের বড়া লাইনের বাড়িতে পৌঁছে দিয়ে আসেন। শীতকালে চা বাগানে চিতাবাঘের হামলার ঘটনা প্রতিবছরই বেড়ে যায়। এবারও এর কোনও অন্যথা হচ্ছে না। এর আগেও চলতি শীতে ডুয়ার্সের চা বাগানগুলি থেকে বেশ কয়েকটি এরকম হামলার ঘটনা ঘটেছে। এর একটি কারণ হিসেবে বনকর্তারা বলছেন এখন চিতাবাঘের প্রজননের সময়। এর বাইরে বাগানগুলিতে শীতকালীন পরিচর্যার অঙ্গ হিসেবে চা গাছ ছাঁটাই বা 'প্রুনিং' করা হয়েছে। ফলে ডেরা উন্মুক্ত হয়ে যাওয়ায় নিরাপদ আশ্রয়ের খোঁজে সেগুলির বাইরে চলে আসার প্রবণতা বেড়ে যায়।

## দুই স্কুলে রজত জয়ন্তী বর্ষের অনুষ্ঠান

**ওদলাবাড়ি ও চালসা, ১৭ জানুয়ারি :** শুক্রবার দুই স্কুলে জাঁকজমকভাবে রজত জয়ন্তী বর্ষের অনুষ্ঠান হয়। মাটিয়ালি ব্লকের বিধাননগর উচ্চবিদ্যালয়ে এদিন দুপুরে প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। বৈরাতি নৃত্যের মাধ্যমে অতিথিদের বরণ করে মঞ্চে নিয়ে আসা হয়। উপস্থিত ছিলেন মাটিয়ালির বিডিও অভিনন্দন ঘোষ, জেলা পরিষদ সদস্য রেজাউল বাকি, মাটিয়ালি পঞ্চায়েত সমিতির সভাপতি হোসেন হাবিবুল হাসান সহ অন্যরা। এদিন অনুষ্ঠান মঞ্চে বিদ্যালয়ের স্মরণিকাও প্রকাশ করা হয়। দিনভর পড়ুয়াদের নিয়ে অনুষ্ঠানের পর সন্ধ্যায় আমন্ত্রিত শিল্পীদের নিয়ে হয় সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষক বিপ্লব ভগৎ বলেন, 'বৃহস্পতিবার বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে দুইদিনব্যাপী রজত জয়ন্তী বর্ষ উদযাপন অনুষ্ঠানের সূচনা হয়। এদিন সেই অনুষ্ঠানের সমাপ্তি হল।' অন্যদিকে, ওদলাবাড়ির সুনীল দত্ত স্মৃতি বালিকা বিদ্যালয়েও রজত জয়ন্তী বর্ষ উপলক্ষ্যে বার্ষিক ক্রীড়া হয়। আগামী মার্চে সারেগামাপা সংগীতানুষ্ঠানখ্যাত শিল্পী অন্বেষা দত্ত গুপ্ত এবং বাংলা ব্যান্ড দোহার আসবে অনুষ্ঠানে। স্কুলের প্রধান শিক্ষিকা মধুমিতা ধর বলেন, 'গত বছর মে দিবসে বর্ষব্যাপী রজত জয়ন্তী উৎসবের সূচনার পর থেকে ধারাবাহিকভাবে নানা অনুষ্ঠান আয়োজন করা হচ্ছে। ২১ ও ২২ মার্চের অনুষ্ঠান নিয়ে এই মুহূর্তে জোরদার প্রস্তুতি শুরু করা হয়েছে।'






# রোগীদের সেল্ফ কেয়ার কিট

**শুভজিৎ দত্ত**

**নাগরাকাটা, ১৭ জানুয়ারি :** বানারহাটে নিউ ডুয়ার্স চা বাগানের ফাইলেরিয়া আক্রান্তদের 'সেল্ফ কেয়ার কিট' দিল জলপাইগুড়ি জেলা স্বাস্থ্য দপ্তর। শুক্রবার ওই বাগানে শিবিরটির আয়োজন করেছিল ধূপগুড়ির ইচ্ছেডানা ওয়েলফেয়ার ফাউন্ডেশন। শিবিরটিতে এদিন এলাকার মোট ৫২ জনকে কিট দেওয়া হয়েছে। পাশাপাশি স্বাস্থ্য দপ্তরের তরফে আক্রান্ত রোগীরা কীভাবে নিজেরাই নিজেদের পরিচর্যা করবেন, সেটাও হাতে-কলমে দেখিয়ে দেওয়া হয়।

সম্প্রতি জেলার ফাইলেরিয়া অধ্যুষিত প্রতিটি ব্লকে একটি কর্মসূচি শুরু হয়েছে। যার পোশাকি নাম 'মর্বিডিটি ম্যানেজমেন্ট অ্যান্ড ডিজেবিলিটি প্রিভেনশন' (এমএমডিপি)। স্বাস্থ্যকর্তারা জানাচ্ছেন, কিউলেক্স মশাবাহিত রোগ ফাইলেরিয়া তিন ধরনের হতে পারে। তার মধ্যে একটি হাত বা পা ফুলে যাওয়া। চলতি ভাষায় যা 'গোদ' নামে পরিচিত। এর আলাদা করে কোনও চিকিৎসা নেই। শুধু ফোলা অঙ্গটিতে যাতে ব্যাকটিরিয়ার সংক্রমণ না হয়, সেদিকে লক্ষ রাখা উচিত। এই সংক্রমণ রুখতে প্রয়োজন ফোলা অঙ্গের যত্নআত্তি। সেই কাজটি নিজেই করা যেতে পারে। স্বাস্থ্য দপ্তর এদিনের শিবিরে আক্রান্তদের সেই পরিচর্যার উপায়ই দেখিয়ে দেন। কীভাবে পরিচর্যা করা যায়? পরিষ্কার জলে ব্যাকটিরিয়া প্রতিরোধী ওষুধ মিশিয়ে তুলো দিয়ে জায়গাটি নিয়মিত পরিষ্কার করা উচিত। ফাইলেরিয়ার সেল্ফ কেয়ার কিটে ছিল ওষুধ, মলম, তুলো, গজ, বালতি এবং একটি পুস্তিকা।

**নিজের পরিচর্যা**

- ফাইলেরিয়ায় আক্রান্তদের হাত বা পা ফুলে যায়
- সেই জায়গায় যাতে ব্যাকটিরিয়ার সংক্রমণ না হয়, সেদিকে খেয়াল রাখা উচিত
- জলে ওষুধ মিশিয়ে ফোলা জায়গাটি নিয়মিত পরিষ্কার করতে হয়
- সেলফ কেয়ার কিটে তাই ছিল তুলো, গজ, ওষুধ, মলম



*সেল্ফ কেয়ার কিট। - সংবাদচিত্র*

এদিনের শিবিরে অংশগ্রহণকারীদের বিভিন্ন বিষয়ে জানান জলপাইগুড়ি জেলা পতঙ্গবিদ রাহুল সরকার, পতঙ্গবাহিত রোগ বিশেষজ্ঞ ডাঃ দীপতীর্থ চট্টোপাধ্যায়, ধূপগুড়ি ব্লকের সিনিয়ার পাবলিক হেলথ নার্স মৌসুমি চৌধুরী, ম্যালেরিয়া ইনস্পেকটর অসিত দাস সহ স্বাস্থ্যকর্মীরা। ছিলেন ইচ্ছেডানা'র কর্ণধার অলোক রায়।

আগামী ১০ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে ফাইলেরিয়ার ওষুধ খাওয়ানোর কর্মসূচি 'মাস ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন'। জলপাইগুড়ির মালবাজার, ধূপগুড়ি, নাগরাকাটা, মেটেলি এবং বানারহাট ব্লকে এই কর্মসূচি চালু হবে। দুই বছরের বেশি বয়সিদের প্রত্যেককে এই ওষুধ খাওয়ানো হবে বলে জানানো হয়েছে।

এদিন বানারহাট বিডি অফিসে এ নিয়ে স্বাস্থ্য দপ্তরের ব্লক টাস্ক ফোর্সের একটি বৈঠক হয়। সেখানে প্রশাসন এবং স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের পাশাপাশি অন্যান্য দপ্তরের আধিকারিক এবং জনপ্রতিনিধিরা ছিলেন। জেলার চার ব্লকের প্রায় ১০ লক্ষ মানুষকে এই কর্মসূচির আওতায় আনা হবে। জেলা পতঙ্গবিদ রাহুল সরকার বলেন, 'এমএমডিপি কর্মসূচিটি প্রায় শেষের পথে। মাস ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন নিয়ে প্রস্তুতির লক্ষ্যে এখন ব্লক টাস্ক ফোর্সগুলির বৈঠক চলছে।'

## অনুকূলচন্দ্রের জন্মমহোৎসব

**বেলাকোবা, ১৭ জানুয়ারি :** ঠাকুর অনুকূলচন্দ্রের ১৩৭তম জন্ম মহোৎসব পালন করা হল শুক্রবার। এদিন বেলাকোবার সৎসঙ্গ কেন্দ্রের সোনারবাড়ি এলাকায় ওই অনুষ্ঠান পালন করা হয়। ধর্মীয় বক্তব্য, কীর্তনের পাশাপাশি বসে আঁকা প্রতিযোগিতা, ভক্তিমূলক গান ইত্যাদির আয়োজন করা হয়েছিল। কোচবিহার, আলিপুরদুয়ার, শিলিগুড়ি কিংবা জলপাইগুড়ি সহ উত্তরবঙ্গের বিভিন্ন এলাকা থেকে প্রচুর ভক্তের সমাগম হয়। সবমিলিয়ে অনুষ্ঠানে প্রায় চার হাজারেরও বেশি ভক্ত এসেছিলেন। কেন্দ্রীয় কমিটির তরফে শংকর শীল জানান, ভক্তদের জন্য খিচুড়ি ভোগের আয়োজন করা হয়েছিল।

## চায়ের কর্মশালা

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** জলপাইগুড়ি সদর ব্লকের ধাপগঞ্জে শুক্রবার একটি কর্মশালার আয়োজন করা হয়। জলপাইগুড়ি জেলা ক্ষুদ্র চা চাষি সমিতি এবং ক্রপলাইফ ইন্ডিয়া সংস্থার যৌথ উদ্যোগে কর্মশালাটি হয়েছে। মূলত চা চাষে টি বোর্ড অনুমোদিত ৫৬টি নির্দিষ্ট রাসায়নিক সঠিক মাত্রায় ব্যবহার, নিষিদ্ধ রাসায়নিক ব্যবহার না করা নিয়ে আলোচনা হয়েছে। সেইসঙ্গে প্রুনিংয়ের পরে কী কী করা উচিত, সেই বিষয়েও হাতেকলমে প্রশিক্ষণ দেন নাগরাকাটা চা গবেষণাকেন্দ্রের উপদেষ্টা বুদ্ধদেব দাস। ২০২৪ সালে চায়ে নিষিদ্ধ রাসায়নিকের অতিরিক্ত মাত্রা দেখে খাদ্য সুরক্ষা মানদণ্ড বিভাগ কড়া ভূমিকা গ্রহণ করে। চা চাষিদের এ বিষয়ে সচেতন করতে এদিন প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ওই কর্মশালাতে অংশ নেন ১৭৬ জন চা চাষি। শিবিরে বক্তব্য রাখেন টি বোর্ডের ডেপুটি ডিরেক্টর শর্বরী চৌধুরী গোঁহাই, উত্তরবঙ্গ চা চাষি সমিতির সাধারণ সম্পাদক বিজয়গোপাল চক্রবর্তী, অসীম সরকার প্রমুখ।

# রেশম ফার্ম পরিদর্শন

**চালসা, ১৭ জানুয়ারি :** চালসা সংলগ্ন মঙ্গলবাড়ি এলাকার রেশম ফার্ম পরিদর্শন করলেন সেরিকালচার দপ্তরের যুগ্ম ডিরেক্টর অরূপ ঠাকুর। শুক্রবার তাঁর সঙ্গে ছিলেন অন্য আধিকারিকরাও। তিনি এদিন ঘুরে দেখেন ডেমোনস্ট্রেশন সেরিকালচার ফার্ম। রাজ্যের রেশমশিল্পে ভালো মানের রেশম গুটিপোকার ডিমের জোগান অব্যাহত রাখতেই নতুন উদ্যোগে কাজ শুরু করেছে চালসার রেশমশিল্প বিভাগ। সেই কারণেই এদিন প্রায় সাত একর জমির ওপর থাকা ফার্ম ঘুরে দেখেন তিনি।

চালসা রেঞ্জের খরিয়ার বন্দর বিটের টিয়াবন জঙ্গল ঘেঁষা এই ফার্মে বহুদিন ধরেই কর্মী সমস্যা ছিল। অন্যদিকে, বারবার হাতির হানায় ভবনের সীমানা প্রাচীরও ক্ষতিগ্রস্ত হয়। পুরোনো ভবন ও মালবেরি বা তুঁত গাছও নষ্ট হয়ে গিয়েছিল। তাই দপ্তরের যুগ্ম ডিরেক্টরের উপস্থিতিতে নতুন করে তুঁত গাছের চারা লাগানোর প্রক্রিয়া শুরু হয়। পাশাপাশি ফার্মের ঘর সহ অন্যান্য সমস্যা নিয়েও তিনি এদিন বাকি আধিকারিকদের সঙ্গে আলোচনা করেন।

অরূপ বলেন, 'রাজ্যজুড়ে উন্নত রেশম বস্ত্র বয়নশিল্পে চালসার থেকে পাঠানো সামগ্রী খুবই উন্নতমানের বলে চিহ্নিত হয়ে এসেছে। মাঝে নানা সমস্যায় কাজের অসুবিধা হচ্ছিল। তাই এই ফার্মের পুরোনো ঐতিহ্য ফিরিয়ে আনার জন্য নতুন উদ্যোগ নেওয়া হচ্ছে।'

পাশাপাশি এদিন কী করে আগামীদিনে আরও ভালোভাবে কাজ করা যায়, সেই বিষয়েও আলোচনা হয়। উপস্থিত ছিলেন দপ্তরের জলপাইগুড়ির ডেপুটি ডিরেক্টর দেবাশিস দত্ত, এক্সটেনশন আধিকারিক মানব ভৌমিক প্রমুখ। এর সঙ্গেই মাটিয়ালি ব্লকের মহিলা গোষ্ঠীর সদস্যদের নিয়ে এদিন গাছের ও জমির পরিচর্যা শুরু হয়। চলতি বছরের সেপ্টেম্বর মাস থেকেই এখানে রেশম পোকার ডিম উৎপাদন করে পাঠানো শুরু হবে বলেও জানা গিয়েছে।

## কনট্রাক্টরদের বকেয়া ৮৩ শতাংশ

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** ২০২১ সালের বিল এখনও বকেয়া। সেই বকেয়া মেটানোর দাবিতে এবার নতুন টেন্ডারের কোনও কাজ না করার সিদ্ধান্ত নিলেন পিডব্লিউডি কনট্রাক্টর অ্যাসোসিয়েশনের সদস্যরা।

তাঁদের অভিযোগ, গত বিধানসভা ভোটের সময় কেন্দ্রীয় বাহিনীর থাকার বন্দোবস্ত, বিভিন্ন ধরনের নির্মাণ এবং ইলেক্ট্রিক্যাল কাজ করিয়েছিল পিডব্লিউডি। বিলের মাত্র ১৭ শতাংশ কনট্রাক্টরদের এখনও পর্যন্ত দেওয়া হয়েছে বলে অভিযোগ। বাকি ৮৩ শতাংশ বকেয়া মেটানোর দাবিতে শুক্রবার দুপুরে কনট্রাক্টর অ্যাসোসিয়েশনের সদস্যরা অফিসের গেটের সামনে বিক্ষোভ দেখান।

যদিও এদিন এই বিক্ষোভ নিয়ে কোনওরকম মন্তব্য করতে চাননি পিডব্লিউডি অফিসের কোনও আধিকারিক। এদিকে বিক্ষোভকারীদের পক্ষে পারিজাত চক্রবর্তী বলেন, 'গত বিধানসভা ভোটের আগে পিডব্লিউডি'র ওয়ার্ক অর্ডারের ভিত্তিতে আমরা বিভিন্ন ধরনের কাজ করেছিলাম। আমাদের সংগঠনের প্রায় ১৫০ জন কনট্রাক্টর প্রায় সাড়ে ছয় কোটি টাকার কাজ করি। কিন্তু অফিসার বদল সহ নানা অজুহাত দিয়ে আমাদের সবার টাকা আটকে দেওয়া হয়।'

তিনি আরও বলেন, 'এখন আমাদের সংসার চালানো দায় হয়ে উঠেছে। অবিলম্বে টাকা না মেটালে আগামী কোনও প্রোজেক্টের কাজ করা তো দূরের কথা আমরা আন্দোলন চালিয়ে যাব।'

## নর্দমার কাজের সূচনা

**চালসা, ১৭ জানুয়ারি :** পুজো দিয়ে কংক্রিটের জলনিকাশি নর্দমার কাজের সূচনা হল। শুক্রবার মাটিয়ালি বাতাবাড়ি-২ গ্রাম পঞ্চায়েতের তরফে পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে পূর্ব বাতাবাড়ির খালপাড়ার হরি মন্দির পাড়া এলাকায় ওই কাজের সূচনা হয়।

শুক্রবার গ্রাম পঞ্চায়েত প্রধান ফুলমণি ওরাওঁ এদিন পূজার্চনার মাধ্যমে ফিতে কেটে কাজের সূচনা করেন। এতদিন ওই এলাকায় কংক্রিটের নর্দমা না থাকায় সমস্যা হত। জল যাওয়ার কোনও রাস্তা না থাকায় রাস্তা ও বাড়ির ওপর দিয়ে জল বয়ে যেত। এবার এই সমস্যার সমাধান হল বলেই মনে করছেন এলাকার বাসিন্দারা। এর জন্য দীর্ঘদিন অপেক্ষায় ছিলেন স্থানীয়রা স্বভাবতই এই কাজের সূচনা হওয়ায় খুশি এলাকার জনগণ।

## জখম দুই

**নাগরাকাটা, ১৭ জানুয়ারি :** সবজিবোঝাই গাড়ি উলটে জখম হলেন দুজন। ঘটনাটি ঘটে শুক্রবার বিকেলে ধরণীপুর চা বাগান লাগোয়া ১৭ নম্বর জাতীয় সড়কে। একটি পিকআপ ভ্যানে সবজি নিয়ে ওই গাড়িটি ধূপগুড়ি থেকে কালিম্পংয়ের উদ্দেশে যাচ্ছিল। গাড়ির টায়ার ফেটে গিয়ে মাঝরাস্তায় ওই বিপত্তি ঘটে। কেশব অধিকারী ও সত্যম প্রসাদ জখম হন।


বিজ্ঞাপন


**ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়ী হলেন মুর্শিদাবাদ-এর এক বাসিন্দা**



পশ্চিমবঙ্গ, মুর্শিদাবাদ - এর একজন বাসিন্দা সন্দীপ ঘোষ - কে 20.10.2024 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 91K 55612 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "আমি ডিয়ার লটারির মাধ্যমে আমার ভাগ্য পরীক্ষা করেছি, কারণ আমাদের এলাকায় আমি ডিয়ার লটারির বেশ কিছু বিজয়ীদের দেখেছি। কিঞ্চিত পরিমাণ কিছু অর্থ খরচ করে ডিয়ার লটারির একজন বিজয়ী হওয়া সম্ভব হয়েছে। আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাই।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয়।

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।





# জলপাইগুড়ি উৎসবে হেরিটেজ ওয়াক

## পর্যটন ট্যুর চালুর পরিকল্পনা

**পূর্ণেন্দু সরকার**

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** ২০১৩ সালে হেরিটেজ কমিশনের নির্দেশে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের তরফে উত্তরের সমস্ত জেলা থেকে ৫০০টির মতো জায়গার নাম হেরিটেজ কমিশনে জমা করা হয়েছিল। তারপর কমিশন জলপাইগুড়ি পুরসভাকে শহরের হেরিটেজ রোডম্যাপ তৈরির দায়িত্ব দিলেও সেই কাজ পুরসভা করতে পারেনি।

ফলে নতুন করে জলপাইগুড়িতে কোনও সম্পত্তির হেরিটেজ স্বীকৃতি মেলেনি। তাই এবার জলপাইগুড়ি শহরের হেরিটেজ সম্পত্তি সংরক্ষণে আগামী ২৩ জানুয়ারি শহরের বুকে হেরিটেজ ওয়াকের আয়োজন করল জলপাইগুড়ি জেলা প্রশাসন। জলপাইগুড়ি পুরসভা ও প্রশাসনের পর্যটন বিভাগ এবং বেসরকারি পর্যটন সংস্থাকে নিয়ে হেরিটেজ সম্পত্তি সংরক্ষণে ওই কর্মসূচি হবে। তাতে শামিল হবেন এলাকার বাসিন্দারাও।

জলপাইগুড়ি উৎসবের অঙ্গ হিসেবে ওই পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন জেলা শাসক শামা পারভিন। শুক্রবার জেলা পর্যটন উন্নয়ন কমিটির বৈঠকের পর ওই ঘোষণা করেন জেলা শাসক।



*রাজবাড়ির মন্দির।*

এছাড়া, শহরের একাধিক হেরিটেজ সম্পত্তিকে কেন্দ্র করে জলপাইগুড়ি টাউন সিটি হেরিটেজ পর্যটন ট্যুর চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

জলপাইগুড়ি জেলায় এখন পর্যন্ত শুধু রাজবাড়িকেই রাজ্য হেরিটেজ কমিশন থেকে হেরিটেজ স্বীকৃতি দেওয়া হয়েছে। তবে

> ২৩ জানুয়ারি জলপাইগুড়ি উৎসবের অঙ্গ হিসেবে আমরা হেরিটেজ ওয়াকের আয়োজন করেছি। প্রশাসনিক আধিকারিকরা কর্মসূচিতে অংশ নেবেন।
>
> **প্রিয়দর্শিনী ভট্টাচার্য**, অতিরিক্ত জেলা শাসক (পর্যটন)


জলপাইগুড়ির আনাচে-কানাচে আরও হেরিটেজ সম্পত্তি ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে বলে জানিয়েছেন জলপাইগুড়ি ট্যুর অপারেটর ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের মুখ্য উপদেষ্টা সব্যসাচী রায়।

তাঁর কথায়, 'কোচবিহারের পর জলপাইগুড়ি শহর ও শহরতলিতে অনেক হেরিটেজ সম্পত্তি ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে। এগুলির রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ করা খুব প্রয়োজন। জেলা প্রশাসনের হেরিটেজ ওয়াক কর্মসূচিতে শহরবাসী হাঁটবেন। হেরিটেজ সিটি পর্যটন পরিকল্পনা রূপায়ণে আমরা জেলা প্রশাসনকে সবরকমের সহযোগিতা করছি।'

আগামী ২২ জানুয়ারি থেকে শুরু হচ্ছে জলপাইগুড়ি উৎসব। যা ২৫ তারিখ পর্যন্ত চলবে।

ওই উৎসবে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। শুক্রবার নতুন করে হেরিটেজ ওয়াককে যুক্ত করা হয়েছে।

হেরিটেজ ওয়াক জলপাইগুড়ি পুরসভার সামনে থেকে শুরু হয়ে পুরসভার প্রাচীন লাল বিল্ডিং, এফডিআই স্কুল, ইন্ডিয়ান টি প্ল্যান্টার্স অ্যাসোসিয়েশন ভবন, নেতাজি সুভাষ ফাউন্ডেশনে রাখা ব্রোঞ্জের নেতাজির মূর্তি, শিক্ষা দপ্তরের পরিত্যক্ত আয়রন হাউস হয়ে সেন্ট মাইকেল অ্যান্ড অল অ্যাঞ্জেল চার্চ ঘুরে জেলা শাসকের অফিসে এসে শেষ হবে।



*সেন্ট মাইকেল অ্যান্ড অল অ্যাঞ্জেল চার্চ।*

এদিকে, হেরিটেজ সিটি পর্যটন প্রকল্পে শহরের আয়রন হাউস, তত্ত্ববিদ্যা ভবন, সেন্ট মাইকেল অ্যান্ড অল অ্যাঞ্জেল চার্চ, জিলা স্কুল, এফডিআই সহ বিভিন্ন স্কুল, রাজবাড়ি, রাজবাড়ির একাধিক মন্দির, দিঘি, পুরোনো পুর ভবন, মসজিদ, যোগমায়া ও পান্ডাপাড়া কালীবাড়ি, স্টেট ব্যাংকের ও বড় ডাকঘরের পুরোনো বিল্ডিং সহ আরও কিছু হেরিটেজ সম্পত্তি পর্যটকদের ঘুরিয়ে দেখানো হবে।

## পথবাতি সারাইয়ে উদ্যোগী পুরসভা

# করলাপাড় সৌন্দর্যায়ন

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** করলাপাড়ের সৌন্দর্যায়নে উদ্যোগী হল পুরসভা। দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় পড়ে থাকা স্পোর্টস কমপ্লেক্সের পিছনে করলা নদীর দুই পাড়ে পথবাতি সংস্কার এবং এলাকার সৌন্দর্যায়নের কাজ শুরু করল জলপাইগুড়ি পুরসভা। শুক্রবার সকালে পুরসভার চেয়ারম্যান পারিষদ সদস্য লোপামুদ্রা অধিকারী পুরসভার বিদ্যুৎ বিভাগের কর্মীদের সঙ্গে নিয়ে ওই এলাকায় পরিদর্শনে যান। নজরদারির অভাবে চুরি হয়ে যাওয়া বৈদ্যুতিক সামগ্রী এবং পথবাতি কীভাবে সারাই করে আলো জ্বালানো যায় সেই বিষয়গুলো খতিয়ে দেখেন। লোপামুদ্রা বলেন, 'দীর্ঘদিন ধরে করলার দুই পাড়ে আলো জ্বলে না। বেশ কিছু সামগ্রী চুরি হয়ে গিয়েছে। আমরা সেগুলোকে মেরামতি করে আবারও করলার ওই দুই পাড়ের সৌন্দর্যায়ন করার চেষ্টা করছি। প্রথমে করলার দুই পাশের রাস্তার আগাছা পরিষ্কার করা হবে। সেইসঙ্গে দ্রুত যাতে এই এলাকায় আলো জ্বালানোর ব্যবস্থা করা যায় সেই চেষ্টা করা হচ্ছে। ইচ্ছে আছে জায়গাটিকে পরিষ্কার-পরিচ্ছন্ন করে শহরের মানুষের একটা ঘোরার জায়গা তৈরি করার।'

বেশ কয়েক বছর আগে স্পোর্টস কমপ্লেক্সের পিছনে করলার দুই পাশের বাঁধে পেভার্স ব্লকের



*করলাপাড় পরিদর্শনে চেয়ারম্যান পারিষদ সদস্য লোপামুদ্রা অধিকারী।*

রাস্তা তৈরির পাশাপাশি আলোর ব্যবস্থা করেছিল উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর। উদ্বোধনের পর কয়েক মাস সবকিছু ঠিকঠাক ছিল। এরপরেই রক্ষণাবেক্ষণ এবং নজরদারির অভাবে ধীরে ধীরে বেহাল হতে থাকে করলাপাড়ের সৌন্দর্যায়ন। পথবাতির সামগ্রী চুরি থেকে শুরু করে কংক্রিটের বসার জায়গাগুলো ভেঙে ফেলে দুষ্কৃতীরা। বর্তমানে করলা নদীর দুই পাড়ের ওই জায়গা সন্ধের পর কার্যত সমাজবিরোধীদের দখলে চলে যায়। সন্ধে হলেই নেশার আসর বসে করলার পাড়ে। ফলে সাধারণ মানুষ কেউই আরও করলার পাড়ে যেতে পারেন না। করলার দুই পাড়ের সুস্থ পরিবেশ ফিরিয়ে আনতে উদ্যোগী হয়েছে পুরসভা। করলার দু'দিক মিলিয়ে প্রায় ১৫০টি পথবাতি রয়েছে। যার মধ্যে অধিকাংশ পথবাতির সামগ্রী চুরি গিয়েছে। আগাছা ভরে রয়েছে নদীর দুই পাড়। শনিবার থেকেই প্রথমে আগাছা পরিষ্কার করে পথবাতি জ্বালানোর কাজ দ্রুততার সঙ্গে শুরু হবে। করলার দুই পাড়ে বাইক নিয়ে ঢোকা বন্ধ করতে লোহার গেট লাগানো হতে পারে। সেইসঙ্গে ফুলের বাগান এবং কাফেটারিয়া তৈরির পরিকল্পনা রয়েছে পুরসভার। স্বনির্ভর গোষ্ঠীর

**বেহাল পরিস্থিতি**

- রক্ষণাবেক্ষণ এবং নজরদারির অভাবে বেহাল করলাপাড়
- পথবাতির সামগ্রী চুরি থেকে শুরু করে কংক্রিটের বসার জায়গাগুলো ভেঙে ফেলে দুষ্কৃতীরা
- আগাছা ভরে রয়েছে নদীর দুই পাড়

মহিলাদের দ্বারা কিছু খাবারের দোকানও চালু করা হবে। শিশুদের মনোরঞ্জনের জন্য কিছু খেলার সামগ্রী থাকবে করলার পাড়ে। করলার পাড়ে যাঁরা বেড়াতে আসবেন তাঁদের জন্য শৌচাগার এবং পানীয় জলের ব্যবস্থা করবে পুরসভা।

# পুরোনো পত্রপত্রিকা স্মৃতিতে



জলপাইগুড়ি পত্রপত্রিকার শহর। তবে অধিকাংশ পত্রিকাই ১৯৬৮ সালের তিস্তার বন্যায় ভেসে গিয়েছে। এখনও যা অবশিষ্ট আছে তার জন্য একটি স্থায়ী প্রদর্শনী কক্ষ তৈরি করার প্রয়োজনীয়তা নিয়ে লিখলেন শিক্ষক ও প্রাবন্ধিক **সুমন রায়**

জলপাইগুড়ির আছে ১৫৭ বছরের গৌরবময় সাংস্কৃতিক ইতিহাস। ইংরেজরা নিজেদের প্রয়োজনেই জলপাইগুড়ি শহর প্রতিষ্ঠা করেছিলেন এবং বিভাগীয় শহরের মর্যাদা দিয়েছিলেন। শহর প্রতিষ্ঠার আদি পর্বে জীবিকার অন্বেষণেই এসেছিলেন আইনজীবী, চা বাগানের মালিক, কর্মচারী, কাঠ ব্যবসায়ী সহ অন্য ব্যবসায়ী, কমিশনার, সরকারি কর্মচারী, ডাক্তার সহ বিভিন্ন পেশার মানুষ। জলপাইগুড়িতে গড়ে উঠেছিল এক শিক্ষিত ও মধ্যবিত্ত বাবু সমাজ। এই বাবুরাই ছিলেন জেলার শিক্ষা ও সংস্কৃতির প্রধান পৃষ্ঠপোষক।

জলপাইগুড়ির পত্রপত্রিকার ধারাকে তিনটি পর্বে সাজানো যেতে পারে। প্রথম পর্ব ১৮৯৬-১৯২৪, দ্বিতীয় পর্ব ১৯২৫-১৯৪৭ এবং তৃতীয় পর্ব ১৯৪৭ উত্তর সময়ের পত্রপত্রিকা। জেলার প্রথম পত্রিকা 'ভিক্ষুক' ১৮৯৬ সালে প্রকাশিত হয় সারদাকান্ত মৈত্রের সম্পাদনায়। দ্বিতীয় পত্রিকার নাম 'ত্রিস্রোতা', যা আর্য নাট্য সমাজের প্রাণপুরুষ শশীকুমার নিয়োগীর উদ্যোগে ও ভুজঙ্গধর রায়চৌধুরীর সম্পাদনায় প্রকাশিত হয় ১৯০০ সালে। মাত্র পাঁচ বছর ত্রিস্রোতা বেঁচে ছিল।

দেশবন্ধুর অনুপ্রেরণায় ১৯২৪ সালে বিশিষ্ট আইনজীবী জ্যোতিষচন্দ্র সান্যাল 'জনমত' এবং ১৯২৫ সালে 'বরেন্দ্র' নামে একটি ইংরেজি সাপ্তাহিক পত্রিকা প্রকাশ করেন। জনমত শতবর্ষ উত্তীর্ণ হয়ে আজও বেঁচে আছে। এখন জনমতের সম্পাদক রামঅবতার শর্মা। ১৯২৫ সালে ত্রিস্রোতা আবার চালু হয় সুরেশচন্দ্র পালের সম্পাদনায়। সুরেশবাবু ছিলেন এমএবিএল এবং বর্তমানে এই শহরের আইনজীবী সুব্রত পালের পিতামহ।

জলপাইগুড়ি জেলার প্রথম মুসলমান লেখকের নাম মোহাম্মদ অসিরুদ্দিন প্রধান। জেলার জমিদার খান বাহাদুর রহিম বক্স ১৯০৪ সালে 'ওয়াকফ নামা' নামে বাংলা ভাষায় একটি ক্ষুদ্র পুস্তিকা প্রকাশ করেন। তবে ত্রিস্রোতা তথ্য দিচ্ছে যে, জেলার মুসলিম সম্পাদিত প্রথম পত্রিকার নাম নিশান। এটি ১৯২৮ সাল বা তার আগে প্রকাশিত হয়ে থাকতে পারে। নিশান পরবর্তীতে মুসলিম লিগের মুখপত্রে রূপান্তরিত হয়েছিল।

১৯২৮ সালে প্রাক্তন মন্ত্রী খগেন্দ্রনাথ দাশগুপ্তের 'মুক্তিবাণী', ১৯২৯ সালে রবীন্দ্রমোহন রায়ের 'ভারতবাণী', ১৯৩৭ সালে আইনজীবী প্রীতি নিধান রায়ের 'দেশবন্ধু'ও ক্ষণস্থায়ী হয়েছিল। স্বাধীনতার পরের বছর আত্মপ্রকাশ করে প্রফুল্লকুমার ত্রিপাঠী ও নিরঞ্জন দত্তের 'আমাদের কথা'। নিরঞ্জনবাবুর প্রয়াণের পর এই পত্রিকাও বন্ধ হয়ে যায়। এরপর ১৯৫৮ সালে শিশু-কিশোরদের মনোরঞ্জনের জন্য

খোলা জানালা

ডাঃ স্মরজিৎ বাগচী 'ডানপিঠেদের সমাচার' প্রকাশ করেন। ১৯৬৮ সালে বীরেন্দ্রপ্রসাদ বসুর 'সীমান্তিক'-কে পুনরায় চালু করেন দেবাশিস ঘোষ। দেবাশিসবাবুর 'খেয়া' ছিল জলপাইগুড়ির প্রথম লিটল ম্যাগ। বর্তমানে এটি বন্ধ। ষাটের দশকে প্রকাশনার জগতে জোয়ার আসে। এগুলির মধ্যে বেশিরভাগ পত্রিকাই আর্থিক সংকট ও উপযুক্ত উত্তরাধিকারীর অভাবে বন্ধ হয়ে গিয়েছে।

অরবিন্দ করের প্রয়াণের পর সুমন রায়ের সম্পাদনায় 'কিরাত ভূমি', গৌতম গুহ রায়ের 'দ্যোতনা', মণিদীপা নন্দী বিশ্বাসের 'নীরজ কোরক' প্রভৃতি একাধিক পত্রিকা জলপাইগুড়ির সাংস্কৃতিক আকাশকে প্রসারিত করে চলেছে।

# কদমতলায় নেই সুলভ শৌচালয়

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** শহরের তিন নম্বর রেল গুমটি থেকে শান্তিপাড়া মোড় পর্যন্ত রাস্তার মাঝেই রয়েছে কদমতলা মোড়। যা কিনা শহরের 'লাইফলাইন' হিসেবে পরিচিত। প্রতিদিন হাজার হাজার মানুষ ওই রাস্তা দিয়ে যাতায়াত করেন। অথচ এত গুরুত্বপূর্ণ একটি রাস্তায় কোথাও সুলভ শৌচালয় নেই। ফলে প্রকৃতির ডাকে সাড়া দিতে সমস্যায় পড়েন বহু মানুষ। সবচেয়ে বেশি সমস্যা হয় মহিলাদের। অভিযোগ, এ ব্যাপারে একেবারেই নেই পুরসভার। অথচ পুরসভার চেয়ারম্যান-ইন-কাউন্সিল জায়গার সমস্যার জন্য সুলভ শৌচালয় গড়ে তোলা যাচ্ছে না বলে সাফাই দিয়েছেন।

ওই রাস্তা দিয়ে শহরবাসী তো যাতায়াত করেই, এমনকি ভিনজেলা থেকে বিভিন্ন কাজে বহু মানুষ আসেন। অথচ শহরের গুরুত্বপূর্ণ ওই রাস্তায় কোনও সুলভ শৌচালয় থাকায় যত্রতত্র মলমূত্র ত্যাগের ফলে দৃশ্য দূষণের কবলে শহর। শহরবাসীর অভিযোগ, বারংবার সমস্যার কথা জানানো সত্ত্বেও এ ব্যাপারে পুরসভা কোনও উদ্যোগ নিচ্ছে না। শহরের অন্যত্র সুলভ শৌচালয় থাকলেও সেগুলোর অধিকাংশ বন্ধ কিংবা সংস্কারের অভাবে বেহাল অবস্থায় পড়ে রয়েছে। চেয়ারম্যান-ইন-কাউন্সিল সন্দীপ মাহাতো সমস্যার কথা স্বীকার করে বলেছেন, 'এটা আমাদের একটা বড় সমস্যা।' তিনিও মনে করেন, কদমতলা মোড়ে একটা সুলভ শৌচালয় থাকা উচিত। কিন্তু তাঁর সাফাই, 'ওই এলাকায় সেরকম কোনও জায়গা নেই যেখানে আমরা পাবলিক টয়লেট বানাব।' তবে তিনি আশ্বাস দিয়েছেন, 'আমরা এই বিষয়টি নিয়ে ভাবছি। দেখা যাক কী করা যায়।'

সন্দীপ আশ্বাস দিলেও তাঁর কথায় কোনও স্পষ্টতা না মেলায় ওই এলাকায় সুলভ শৌচালয় আদৌ নির্মাণ হবে কি না তা নিয়ে ধোঁয়াশা থেকেই যাচ্ছে। এদিকে, সুলভ শৌচালয় না থাকায় শুধু যে পথচারী কিংবা বাইরে থেকে আসা মানুষের ভোগান্তি হচ্ছে তা নয়, সমস্যায় পড়ছেন কদমতলা মোড়ের ব্যবসায়ীরাও। তাঁদেরই মধ্যে একজন রাজেশ কর্মকার বলেন, 'আমরাও রোজ বিপদে পড়ি। বহুবার পুরসভার কাছে আবেদন করা হলেও কোনও লাভ হয়নি। ফাঁকা জায়গা দেখলেই মানুষ দাঁড়িয়ে পড়ছে, দুর্গন্ধ ছড়াচ্ছে।'

বাসিন্দা পর্ণা পালের কথায়, 'আমরা বাইরে বেরোলে সমস্যায় পড়ি। বিশেষ করে কদমতলা এলাকায় গিয়ে। এটা পুরসভার বোঝা উচিত।'

## প্ল্যাটিনাম জুবিলি

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** জলপাইগুড়ি বেগম ফয়জন্নেসা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্ল্যাটিনাম জুবিলি উপলক্ষ্যে অনুষ্ঠিত হতে চলেছে দু'দিনের সাংস্কৃতিক অনুষ্ঠান।

শনিবার এবং রবিবার আর্ট গ্যালারিতে এই আয়োজন করা হবে। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অতিথি অধ্যাপক ডঃ অমৃতা সেনগুপ্তের নৃত্য। এছাড়া থাকবে জি সারেগামাপা ও সুপারস্টার খ্যাত শর্মিতা দত্ত, প্রণয় মজুমদার এবং অর্পিতা দাসের সংগীতানুষ্ঠান।

## স্বাস্থ্য পরীক্ষা শিবির

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** জলপাইগুড়ি পুরসভার উদ্যোগে জেলা স্বাস্থ্য দপ্তরের সহযোগিতায় শুক্রবার ১২ নম্বর ওয়ার্ডে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির হয়।

এদিন ওই এলাকার প্রায় ২০০ জনের স্বাস্থ্য পরীক্ষা করেন চিকিৎসকরা। শিবিরে ব্লাড প্রেশার, ব্লাড সুগার সহ বিভিন্ন রোগীর পরীক্ষানিরীক্ষা করা হয়। সেইসঙ্গে শিবিরে আসা রোগীদের বিনামূল্যে ওষুধ দেওয়া হয়।

শিবিরে উপস্থিত ছিলেন জেলা অতিরিক্ত মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ শুভদীপ সরকার, ১২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার মণীন্দ্রনাথ বর্মন সহ পুরসভার আধিকারিকরা।

## মুখ্যমন্ত্রীকে বার্তা

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিকাঠামো নিয়ে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য শুক্রবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে বিশেষ বার্তা পাঠালেন নর্থবেঙ্গল ন্যাশনাল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সম্পাদক কিশোর মারোদিয়া।

তিনি জানান, মেডিকেল কলেজ ও হাসপাতালে বর্তমানে কোনও কার্ডিওলজিস্ট নেই। এবং ক্যাথ ল্যাবেরও বিশেষ প্রয়োজন আছে। এইসব বিষয়ই মুখ্যমন্ত্রীর কাছে ওই বার্তায় জানানো হয়েছে।

## আজ সৃষ্টিশ্রীমেলা

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামীণ জীবিকা মিশন (আনন্দধারা)-এর উদ্যোগে ও জলপাইগুড়ি জেলা গ্রামীণ জীবিকা মিশন ইউনিটের পরিচালনায় শনিবার থেকে শহরের মিলন সংঘ ময়দানে শুরু হচ্ছে সৃষ্টিশ্রীমেলা।

চলবে ২৪ জানুয়ারি পর্যন্ত। ওই মেলায় স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের তৈরি হস্ত ও কুটিরশিল্পের সম্ভার থাকছে বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে।

## স্কুলের অনুষ্ঠান

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** জলপাইগুড়ি কদমতলা বালিকা বিদ্যালয়ের ৯৭ বছর পূর্তি উপলক্ষ্যে শুক্রবার সন্ধ্যায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের এমিরেটাস অধ্যাপক ডঃ আনন্দগোপাল ঘোষ বলেন, গান্ধিজির আদর্শে অনুপ্রাণিত হয়ে শিক্ষাব্রতী বিমলা রায় এই শিক্ষাপ্রতিষ্ঠানটি ১৯২৮ সালে নির্মাণের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেন। নারী শিক্ষার প্রসারে সর্বজনীন উদ্যোগ আরও প্রয়োজন।

## স্বাস্থ্যমেলা

**জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি :** ঋত্বিক ঘটক এবং নীরেন্দ্রনাথ চক্রবর্তী জন্মশতবর্ষে জলপাইগুড়ি রবীন্দ্র ভবন বইমেলা প্রাঙ্গণে আগামী ২১ থেকে ২৭ জানুয়ারি ডাঃ শচীন দাশগুপ্তর স্মরণে স্বাস্থ্যমেলা হবে।

বইমেলা কমিটির সম্পাদক সুমন সরকার জানান, বিভিন্ন রোগ নিয়ে চেতনা বাড়াতে এই উদ্যোগ নেওয়া হয়েছে।



শৈশব।। *শুক্রবার মালবাজারে অ্যানি মিত্রের তোলা ছবি।*

# আম্রুত ২.০-তে নজর পুরবাসীর

**বাণীব্রত চক্রবর্তী**

**ময়নাগুড়ি, ১৭ জানুয়ারি :** প্রায় ৪০ বছর আগে ময়নাগুড়ি পুরসভা এলাকায় বিয়ে করে এসেছিলেন নমিতা মজুমদার। এত বছরে নিজের চোখের সামনে এলাকার কতকিছুই পরিবর্তিত হতে দেখেছেন তিনি। বদলায়নি শুধু একটি ছবি।

জল-যন্ত্রণার। তাই নতুন বছরে তাঁর কাতর প্রশ্ন, ২০২৫-এ কি জল পাবে ময়নাগুড়ি পুরসভার বিভিন্ন ওয়ার্ডগুলি! তবে এই প্রশ্নটি শুধু তাঁর একার নয়। পানীয় জলের সমস্যা ময়নাগুড়িতে নতুন কিছু নয়। এলাকার সতেরোটি ওয়ার্ডের অধিকাংশই জলশূন্য। পানীয় জল পেতে তাঁরা ভরসা করেন জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের ওপরে। পুরসভার ভাইস চেয়ারম্যান মনোজ রায় এবিষয়ে বলেন, 'মেইন পাইপলাইন বসানোর কাজ প্রায় শেষ পর্যায়ে। শীঘ্রই জল পরিষেবা চালু হয়ে যাবে।'

সেখান থেকেই বড় বড় পাত্রে জল বয়ে নিয়ে আসার ঘটনা এলাকাবাসীর কাছে স্বাভাবিক হয়ে উঠেছে যেন। এছাড়া ভরসা কেনা জলের ড্রাম।

প্রবল জলসমস্যার মধ্যে বাধ্য হয়ে দিন কাটাতে কাটাতে এখন তাঁদের একমাত্র ভরসা আম্রুত ২.০। এই প্রকল্পে ৩১ কোটি ২২ লক্ষ টাকা বরাদ্দে বাড়ি বাড়ি পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ শুরু হয়েছে। তাহলে এবার কি পুরবাসী জল পাবেন! সেবিষয়ে এখনও ধন্দে মানুষ। যদিও পুর কর্তৃপক্ষের দাবি, ২০২৫ সালের মধ্যেই বাড়ি বাড়ি পানীয় জল পরিষেবা চালু হয়ে যাবে। জল নিয়ে নাগরিকদের আন্দোলনও কম হয়নি। পুরসভা এলাকায় মোট জনসংখ্যা ৩৬ হাজার ২৬৩ জন। পরিবারের সংখ্যা ৮ হাজার ৬১৯টি।

মোট ১৭টি ওয়ার্ডের অধিকাংশই পানীয় জল পরিষেবার আওতায় নেই।




*নতুন ট্যাংক বসানো হলেও জল এখনও মেলেনি।*

১৯৭৬ সালে প্রথম জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের তরফে ৪৫ লক্ষ লিটারের একটি পানীয় জলের ট্যাংক নির্মাণ করা হয়। তখন শহরে জনসংখ্যা ছিল আনুমানিক পাঁচ থেকে ছয় হাজার। পরে ২০২২ সালে ৫০ লক্ষ লিটারের আরও একটি ট্যাংক বসানো হয়। কিন্তু পুরোনো পাইপলাইন সংস্কার করা হয়নি। তাই নতুন বছরে জল-যন্ত্রণা থেকে মুক্তি পেতে চাইছে শহরবাসী। এক বাসিন্দা গৃহবধূ পূর্ণিমা দাসের প্রশ্ন, '২০২৫ সালে পানীয় জল পরিষেবা দেবে তো পুরসভা?' পুরসভা হওয়ার তিন বছরেরও বেশি সময় পেরোলেও কোনও ব্যবস্থাই হয়নি।

নতুন বছরে আম্রুত ২.০ প্রকল্পের আওতায় শহরের ১৭টি ওয়ার্ডকে মোট চারটি ভাগে ভাগ করা হয়েছে। আরও দুটি নতুন জলের ট্যাংক তৈরির কাজও শুরু হয়েছে। পুরসভার আশ্বাস, আগামী বছরের মধ্যেই পুর এলাকার প্রতিটি বাড়িতে পানীয় জল পরিষেবা পৌঁছে যাবে।


রংদার রোববার



নচিকেতা ১০০

হিট গানের নিরিখে বাংলা ছবির সফলতম সুরকার নচিকেতা ঘোষ। তাঁর সঙ্গে গীতিকার গৌরীপ্রসন্ন মজুমদারের জুটিতে তৈরি হয়েছে অসংখ্য সুপারহিট গান। নচিকেতার শতবর্ষ এই জানুয়ারির ২৮ তারিখ। এবার প্রচ্ছদে সেই স্মরণীয় সুরকার।

প্রচ্ছদ কাহিনী : সুপর্ণকান্তি ঘোষ, অলক রায়চৌধুরী, শান্তনু বসু ও অভীক চট্টোপাধ্যায়

ছোটগল্প : সুভান

নিবন্ধ : জ্যোতিভূষণ চাকী ১০০। তাঁর শেষ জীবন নিয়ে রূপেন্দ্র দাস

কবিতা : অনিন্দিতা গুপ্ত রায়, রেবা সরকার, সুদীপ চৌধুরী, মাধবী দাস, অপর্ণা বিশ্বাস মজুমদার, সাহানুর হক ও বর্ণালী দাসকুণ্ডু

ধারাবাহিক দেবাঙ্গনে দেবার্চনা : পূর্বা সেনগুপ্ত

